গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম

স্মারক নং : মাউশি/সেসিপ/এসপিএসইউ/প্রোগ্রাম-২/ হি:শা:/ স্কুল/১২১৬/২০১৮-২০১৯/ ৩৭৫৭ তারিখ: ২৬/০৫/২০১৯

প্রেরক জয়েন্ট প্রোগ্রাম ডিরেক্টর
সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম
শিক্ষা ভবন, ঢাকা।

প্রাপক প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
শিক্ষা মন্ত্রণালয়
৪৫,পুরানা পল্টন , ঢাকা।

বিষয়: সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রামের ডিপিপি'র সংস্থান অনুসারে আন্ডার-সার্ভড এলাকায় মাউশি অধিদপ্তরের বিভিন্ন প্রকল্পের আওতায় স্থাপিত এমপিওবিহীন বিদ্যালয়ের শিক্ষক-কর্মচারিগণের বেতন সহায়তা ও প্রশাসনিক ব্যয় বাবদ সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণের বরাবরে বরাদ্দ (জানুয়ারি-জুন ২০১৯) প্রদান প্রসঙ্গে।

মহোদয়,

সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রামের আরডিপিপি'র সংস্থান ও ২০১৮-২০১৯ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির আলোকে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমে জিওবি অংশে ১ম-৪র্থ কিস্তিতে ছাড়কৃত অর্থ হতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন প্রকল্পের আওতায় আন্ডার-সার্ভড এলাকায় স্থাপিত এমপিওবিহীন বিদ্যালয়ের শিক্ষক-কর্মচারীগণের বেতন সহায়তা ও প্রশাসনিক ব্যয় জানুয়ারি-জুন ২০১৯ বাবদ (বকেয়া বেতন সহায়তাসহ, প্রযোজ্য ক্ষেত্রে) নিম্নবর্ণিত খাত, কোড ও শর্তে বরাদ্দ প্রদান পূর্বক সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বরাবর ন্যস্ত করা হলো। উল্লেখ্য, এ বরাদ্দ ইতোপূর্বে বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত হিসেবে গণ্য হবে।

| ক্র: | বরাদ্দ প্রাপ্ত কর্মকর্তা | উপজেলা | জেলা | বিদ্যালয়ের নাম | শিক্ষক কর্মচারী বেতন সহায়তা (৩৬৩১১০১) | অন্যান্য মনিহারী ব্যয় (৩২৫৫১০৫) | মোট বরাদ্দকৃত টাকা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | বাজিতপুর | কিশোরগঞ্জ | বাহেরবালী SESDP মডেল উচ্চ বিদ্যালয় | ১৮৫,৭০০.০০ | ১,০০০.০০ | ১৮৬,৭০০.০০ | জিওবি বরাদ্দ |
| ২ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | কাশিয়ানি | গোপালগঞ্জ | সিংগা পশ্চিমপাড়া SESDP মডেল নিম্ন মাধ্যমিক বিদ্যালয় | ২৫৬,৯০০.০০ | ১,০০০.০০ | ২৫৭,৯০০.০০ | |
| ৩ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | সদর | | কাজুলিয়া SESDP মডেল উচ্চ বিদ্যালয় | ২৮০,৮০০.০০ | ১,০০০.০০ | ২৮১,৮০০.০০ | |
| ৪ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | ভেদরগঞ্জ | শরিয়তপুর | দক্ষিণ তারাবুনিয়া মৌজা SESDP মডেল উচ্চ বিদ্যালয় | ২৫৬,৯০০.০০ | ১,০০০.০০ | ২৫৭,৯০০.০০ | |
| ৫ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | সোনারগাঁও | নারায়ণগঞ্জ | নুনেরটেক (SESIP) উচ্চ বিদ্যালয় | ২১৩,৩০০.০০ | ১,০০০.০০ | ২১৪,৩০০.০০ | |
| ৬ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | সিংগাইর | মানিকগঞ্জ | চক পালপাড়া SESDP মডেল মাধ্যমিক বিদ্যালয় | ৬৭,৬০০.০০ | ১,০০০.০০ | ৬৮,৬০০.০০ | |
| ৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | সুন্দরগঞ্জ | গাইবান্ধা | ভাটিকাপাসিয়া (SESIP) উচ্চ বিদ্যালয় | ৫২৪,২০০.০০ | ১,০০০.০০ | ৫২৫,২০০.০০ | |
| ৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | তেঁতুলিয়া | পঞ্চগড় | পাগলীডাঙ্গী SESDP মডেল উচ্চ বিদ্যালয় | ১৮৬,২০০.০০ | ১,০০০.০০ | ১৮৭,২০০.০০ | |
| ৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | মঠবাড়িয়া | পিরোজপুর | ভাইজোড়া জেকেএইচ SESDP মডেল উচ্চ বিদ্যালয়, | ৪৬৩,৫০০.০০ | ১,০০০.০০ | ৪৬৪,৫০০.০০ | |
| | | | | সর্বমোট টাকা: | ২,৪৩৫,১০০.০০ | ৯,০০০.০০ | ২,৪৪৪,১০০.০০ | |

কথায়: টাকা চব্বিশ লক্ষ চুয়াল্লিশ হাজার এক শত মাত্র।

শর্তাবলী:

১। ২০১৮-২০১৯ অর্থ বছরে মঞ্জুরী নং-২২, শিক্ষা মন্ত্রণালয়ের আওতায় ১২৫/১২৫০২/২২৪০১২১০০ নং কোডভুক্ত সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগামের অনুকূলে বরাদ্দকৃত ও ছাড়কৃত অর্থ হতে এ বরাদ্দ ব্যয় মিটানো হবে।

২। **সাকুল্য বেতন হিসেবে শিক্ষক-কর্মচারীগণের বেতন-ভাতা শুধুমাত্র বেতন সহায়তা কোড নং:৩৬৩১১০১ হতে বিদ্যমান সরকারি নীতিমালা অনুযায়ী উত্তোলন করা যাবে । তবে কোন অবস্থাতেই কর্মচারী বেতন খাতে ( কোড নং:৩১১১২০১) এ বরাদ্দের বিল দাখিল ও উত্তোলন করা যাবে না।** প্রশাসনিক ব্যয়ের অর্থ কোড নং: ৩২৫৫১০৫ হতে উত্তোলন করতে হবে। বরাদ্দ কম বা বেশি হলে জয়েন্ট প্রোগ্রাম ডিরেক্টর, সেসিপকে অবহিত করতে হবে।

৩। শুধুমাত্র এ প্রোগ্রামের ডিপিপি'র সংস্থানের অনুসারে মাউশি অধিদপ্তরের বিভিন্ন প্রকল্পের আওতায় স্থাপিত আন্ডার সার্ভড বিদ্যালয়ের শিক্ষক-কর্মচারীগণের বেতন সহায়তা ও আনুষংগিক ব্যয় বাবদ এ অর্থ ব্যয় করা যাবে। প্রতিটি বিদ্যালয়ের জন্য শিক্ষক-কর্মচারিগণের অনুমোদিত তালিকা ও বিভাজন অনুসারে (কপি সংযুক্ত) বরাদ্দকৃত অর্থ ব্যয় করা যাবে। উল্লেখ্য, ইতঃমধ্যে এমপিওভুক্ত হয়েছেন এমন কোন শিক্ষক-কর্মচারী এ বরাদ্দ হতে অর্থ গ্রহণ করতে পারবেন না।

৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের প্রতিস্বাক্ষর গ্রহণের পর শিক্ষক-কর্মচারীগণের বেতন সহায়তা বিল সংশ্লিষ্ট জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়ে দাখিল করবেন।

৫। হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয় হতে শিক্ষক-কর্মচারীগণের বেতন সহায়তা বাবদ প্রাপ্ত চেক এ প্রোগ্রাম (সেসিপ) সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের ব্যাংক হিসাবে জমা করতে হবে। সংশ্লিষ্ট হিসাবে অর্থ জমা হবার পর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার প্রত্যেক শিক্ষক-কর্মচারীর নামে ভিন্ন ভিন্ন ভাবে ক্রস চেকের মাধ্যমে প্রাপ্য বেতন সহায়তা পরিশোধ করবেন। ক্রস চেকে বেতন সহায়তা পরিশোধের প্রমাণক হিসেবে চেক ইস্যু রেজিস্ট্রারে তারিখসহ সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারীর স্বাক্ষর গ্রহণ করতে হবে এবং চেক ইস্যু রেজিস্টারে ইস্যুকৃত চেক নম্বর ও তারিখ উল্লেখ থাকতে হবে।

৬। পরবর্তী বরাদ্দ প্রাপ্তির জন্য এ বরাদ্দের আওতায় বেতন সহায়তা পরিশোধ সংক্রান্ত ব্যয় বিবরণী চেক ইস্যু রেজিস্ট্রারের সংশ্লিষ্ট পৃষ্ঠার সত্যায়িত ফটোকপি জয়েন্ট প্রোগ্রাম ডিরেক্টরের কার্যালয়ে প্রেরণ করেত হবে। অন্যথায় পরবর্তী বরাদ্দ প্রদান সম্ভব হবে না।

৭। নিরীক্ষা কার্য সম্পাদনের লক্ষ্যে সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়ে বিল/ভাউচার সংরক্ষণ করতে হবে।

৮। এ বরাদ্দের বিপরীতে উত্তোলিত অর্থের অব্যয়িত অংশ (যদি থাকে) জয়েন্ট প্রোগ্রাম ডিরেক্টরকে অবহিতকরণ পূর্বক উত্তোলনের একমাসের মধ্যে বিনা ব্যর্থতায় সরকারি কোষাগারে জমা দিতে হবে। এছাড়া চলতি অর্থবছরে প্রদত্ত বরাদ্দের অব্যয়িত অংশ ৩০শে জুন ২০১৯ পূর্বেই জয়েন্ট প্রোগ্রাম ডিরেক্টরকে অবহিত করে সমর্পণ করতে হবে।

৯। এ বরাদ্দপত্র সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম ( সেসিপ)-এর ওয়েবসাইট (www.sesip.gov.bd) হতে ডাউনলোড করা যাবে।

আপনার বিশ্বস্ত,

২৫/৪/১৯

( মোঃ আবু ছাইদ শেখ )
জয়েন্ট প্রোগ্রাম ডিরেক্টর ( অতিরিক্ত সচিব )

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

১। প্রোগ্রাম ডিরেক্টর, সেসিপ এবং মহাপরিচালক মাধ্যমিক এবং উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা: .. .. .. জেলা: .. .. .. .. .. .. ..
৩। জেলা শিক্ষা অফিসার; জেলা :.. .. .. .. .. .. ..,. ।
৪। প্রজেক্ট অফিসার ( প্রোগ্রাম-২), এসপিএসইউ,সেসিপ,শিক্ষা ভবন, ঢাকা ( সেসিপ-এর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ )।
৫। জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা; জেলা/ উপজেলা : .. .. .. .. .. .. .. .. .. .. .. .. ...।
৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার; উপজেলা : .. .. .. .. .. .. , জেলা: .. .. .. .. ..।
৭। প্রধান শিক্ষক; বিদ্যালয়:.. .. .. .. .. .. .. উপজেলা: .. .. .. .. .. ; জেলা:------------------ ।
৮। পি, এ, টু প্রোগ্রাম ডিরেক্টর, সেসিপ এবং মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
৯। অফিস কপি।